

Ex/BNG/PG/1.4/2025

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৪

বিষয় : মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। প্রাচীন বৈদিক সাহিত্য কিংবা উপনিষদেও সরাসরি উপাসনা পদ্ধতি হিসেবে ভক্তির কথা নেই। শ্রীমদ্ভগবদ্গীতায় এসে ভক্তিযোগ নিয়ে একটি পূর্ণাঙ্গ অধ্যায় ব্যয়িত হয়েছে। তারও কয়েক শতাব্দী পরে ভাগবত পুরাণে ভক্তির এক বিশিষ্ট চেহারা মূর্ত হয়ে উঠেছে। বেদ-গীতা-ভাগবত এই তিন সূত্রকে জুড়ে ভারতীয় সংস্কৃতিতে ভক্তির চলন প্রক্রিয়াটি সংক্ষেপে বিবৃত করো।

(অথবা)

২। গৌড়ীয় বৈষ্ণবদের তত্ত্ব ভাবনায় ভক্তিরসের যে চেহারাটি তৈরি হয়েছিল তা ধ্রুপদি রসতত্ত্বের চেয়ে বেশ আলাদা। বৈষ্ণবদের ধারণায় ভক্তিরসের চেহারাটি সংক্ষেপে জানিয়ে মূল পার্থক্য কোথায় কোথায় তা স্পষ্ট করো।

BNG-1412

[Turn Over]

(২)

৩। একটি করে প্রাসঙ্গিক পদের উল্লেখ করে সম্ভোগ ও রসোদগার — এই দুটি পর্যায় বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

(অথবা)

৪। বৈষ্ণব রসতত্ত্ব অনুযায়ী মান পর্যায়টির সংক্ষিপ্ত পরিচয় দাও। তোমার পড়া অন্তত দুজন কবির মান বিষয়ক পদ উল্লেখ করে তাদের কেন সেই বর্গে রাখবে বুঝিয়ে দাও।

৫। ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য পরিকল্পনায় মালাধর বসু কোথায় ভাগবত মহাপুরাণ বহির্ভূত কাব্যভাবনা গ্রহণ করেছেন? দৃষ্টান্তসহ আলোচনা করে বুঝিয়ে দাও।

(অথবা)

৬। মালাধর বসু ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে শৃঙ্গার-রসাত্মক শ্রীকৃষ্ণের চরিত্রের বদলে ঐশ্বর্যগুণাত্মক শ্রীকৃষ্ণের চরিত্রকে কেন বর্ণনা করেছেন? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

৭। ‘চৈতন্যচরিতামৃত’ কাব্যে চৈতন্য আবির্ভাবের মূল কারণগুলি সম্পর্কে আলোকপাত করে ‘চৈতন্যতত্ত্ব’ সম্পর্কে বুঝিয়ে দাও।

(অথবা)

৮। প্রেমবিলাসবিবর্ত বলতে কী বোঝ? ‘চৈতন্যচরিতামৃত’ কাব্য অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও।

★★★

BNG-1412

XX24(113)—180